

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সরকারি গণগ্রন্থাগার
ময়মনসিংহ।

তারিখ : ০৬.১১.২০১৭খ্রি.

বিষয়: মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে রচনা, চিত্রাংকন ও বইপাঠ প্রতিযোগিতা আয়োজন।

গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে জেলা সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহে রচনা, চিত্রাংকন ও বইপাঠ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আপনার প্রতিষ্ঠানে বিষয়টি প্রচার ও নিম্নোক্ত গ্রুপ ভিত্তিক যোগ্যতানুযায়ী আগ্রহীদেরকে প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসাহ প্রদানসহ সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক. রচনা প্রতিযোগিতা:

ক্রমিক নং	গ্রুপ	শ্রেণি	রচনার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	বীরশ্রেষ্ঠদের কথা	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বিজয়ের মহানায়ক	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	মুক্তিযুদ্ধে নারী সমাজের ভূমিকা	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বিজয় দিবসের প্রত্যাশা ও প্রাপ্তি	১৮০০

রচনা আগামী ২৭.১২.২০১৭খ্রি. তারিখের মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহে জমা দিতে হবে।

খ. চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্রমিক নং	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকনের বিষয়
১.	ক	অনূর্ধ্ব ৭ বছর	বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্য
২.	খ	অনূর্ধ্ব ১২ বছর	মুক্তিযুদ্ধের দৃশ্য

চিত্রাংকন প্রতিযোগিতা আগামী ২০.১২.২০১৭খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় গ্রন্থাগার মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

গ. বইপাঠ প্রতিযোগিতা: গ্রন্থাগারের সংরক্ষিত বই পড়তে হবে। বইপাঠের ফরম গ্রন্থাগার থেকে সরবরাহ করা হবে। সংগৃহীত ফরম পূরণ করে আগামী ২৭.১২.২০১৭খ্রি. তারিখের মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহে জমা দিতে হবে।

শর্তাবলী:

১. A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. শিক্ষার্থীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. সর্বসাধারণের রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৪. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৫. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৬. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক প্রত্যেক প্রতিযোগীকে ১৮.১২.২০১৭ তারিখের মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।

স্বাঃ—

(মো: সালাহউদ্দীন)

লাইব্রেরিয়ান

ফোন: ০৯১-৬৬৮২৬

e-mail: gplmymensingh@gmail.com

প্রাপক

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

.....

ময়মনসিংহ।

নং-জেসগগ্র/ময়মন/রচনা প্রতিঃ/৯৬(অংশ-১)/২০১৮/ ২৬৩/২ (৬০)

তারিখ : ০৬.১১.২০১৭খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----, ময়মনসিংহ।
৪. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৬. জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ।
৭. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী, ময়মনসিংহ।
৮. -----, ময়মনসিংহ।
৯. অফিস কপি।

লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার

ময়মনসিংহ।